SPECIAL SUPPLEMENT
on the
43rd Anniversary of Martyrdom of Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman
&
National Mourning Day
2018

Message by the Hon'ble President, Hon'ble Prime Minister, Hon'ble Foreign Minister & Hon'ble State Minister for Foreign Affairs of Bangladesh

Message by the Hon'ble President

Md. Abdul Hamid

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

রাষ্ট্রপতি

রাষ্ট্রপতি
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ
বঙ্গভবন, ঢাকা।

৩১ শ্রাবণ ১৪২৫
১৫ আগস্ট ২০১৮

বাণী

আজ ১৫ই আগস্ট, জাতীয় শোক দিবস। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৩তম শাহাদাত বার্ষিকী। বাঙালি জাতির ইতিহাসে এক বেদনাবিধুর দিন। আমি শোকাহত চিত্তে তাঁর স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জানাই। জাতীয় শোক দিবসে পরম করুণাময় আল্লাহর দরবারে সকল শহিদের আত্মার মাগফিরাত কামনা করছি।

১৯৭৫ সালের এ দিনে দেশের স্বাধীনতাবিরোধী ষড়যন্ত্রকারীদের প্রত্যক্ষ ও পরোক্ষ মদদে ঘাতকচক্রের হাতে ধানমন্ডির নিজ বাসভবনে বাঙালি জাতির অবিসংবাদিত নেতা জাতির পিতা শেখ মুজিবুর রহমান শহিদ হন। একই সাথে শহিদ হন বঙ্গবন্ধুর সহধর্মিণী শেখ ফজিলাতুন নেছা মুজিব, পুত্র শেখ কামাল, শেখ জামাল, শিশুপুত্র শেখ রাসেলসহ আরো অনেকে। এ নৃশংস হত্যাকাণ্ড কেবল বাংলাদেশের ইতিহাসে নয়, পৃথিবীর ইতিহাসেও বিরল।

বঙ্গবন্ধু ছিলেন বাঙালি জাতির স্বপ্নদ্রষ্টা এবং স্বাধীনতার রূপকার। ১৯৫২ এর ভাষা আন্দোলন থেকে শুরু করে '৫৪ এর যুক্তফ্রন্ট নির্বাচন, '৫৮ এর সামরিক শাসনবিরোধী আন্দোলন, '৬৬ এর ৬-দফা, '৬৯ এর গণঅভ্যুত্থান, '৭০ এর নির্বাচনসহ বাঙালির মুক্তি ও অধিকার আদায়ে পরিচালিত প্রতিটি গণতান্ত্রিক ও স্বাধিকার আন্দোলনে তিনি নেতৃত্ব দেন। বঙ্গবন্ধু বাঙালির অধিকারের প্রশ্নে কখনো আপস করেননি। দীর্ঘ চড়াই-উৎরাই পেরিয়ে বঙ্গবন্ধু ১৯৭১ সালের ২৬শে মার্চ স্বাধীনতার ঘোষণা দেন এবং তাঁরই নেতৃত্বে দীর্ঘ নয় মাস সশস্ত্র মুক্তিযুদ্ধের মাধ্যমে আমরা বিজয় অর্জন করি। বিশ্বখ্যাত নিউজউইক ম্যাগাজিন ১৯৭১ সালের ৫ই এপ্রিল সংখ্যায় বঙ্গবন্ধুকে 'চড়বঃ ড়ভ চড়ষরঃরপং' হিসেবে ভূষিত করে, যা ছিল তাঁর নেতৃত্বের প্রতি বিশ্বসম্প্রদায়ের অবিচল আস্থা ও গভীর শ্রদ্ধার বহিঃপ্রকাশ। তিনি ছিলেন অসমসাহসী, হিমালয়সম অটল ব্যক্তিত্বের অধিকারী। ঘাতকদের মেশিনগানের মুখেও তিনি বজ্রকণ্ঠে প্রশ্ন করেছিলেন, 'তোরা কী চাস?'। জাতির পিতার চিন্তা-চেতনায় সবসময় কাজ করত বাংলা, বাঙালি ও বাংলাদেশ। তাঁর অসামান্য অবদানের জন্য আজ এ দেশের মানুষের কাছে বঙ্গবন্ধু ও বাংলাদেশ এক ও অভিন্ন সত্তায় পরিণত হয়েছে।

বঙ্গবন্ধু রাজনৈতিক স্বাধীনতার পাশাপাশি জনগণের অর্থনৈতিক মুক্তি অর্জনের লক্ষ্যে একটি সুখী-সমৃদ্ধ, উন্নত বাংলাদেশ গড়ার স্বপ্ন দেখেছিলেন। যুদ্ধের ধ্বংসস্তূপ থেকে দেশকে স্থিতিশীল পর্যায়ে নিয়ে গিয়েছিলেন তিনি। একাত্তরের পরাজিত শক্তি তাঁকে হত্যা করে জাতির অগ্রযাত্রাকে থামিয়ে দিতে চেয়েছিলো। ঘাতকচক্র সাময়িকভাবে সফল হলেও দীর্ঘমেয়াদে তারা ইতিহাসের আস্তাকুঁড়ে নিক্ষিপ্ত হয়েছে। জাতির পিতার সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার হাত ধরে বাংলাদেশ আজ উন্নয়ন ও অগ্রগতির মহাসড়কে ধাবমান। বাংলাদেশ ইতোমধ্যে নিম্ন মধ্যম আয়ের দেশে পরিণত হয়েছে, পেয়েছে স্বল্পোন্নত দেশ থেকে উন্নয়নশীল দেশে উন্নীত হওয়ার স্বীকৃতি। ধারাবাহিক অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জন, মাথাপিছু আয় বৃদ্ধি, মহাকাশে স্যাটেলাইট উৎক্ষেপণ, রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্র নির্মাণ, নিজস্ব অর্থায়নে পদ্মাসেতুর মতো বৃহৎ প্রকল্প বাস্তবায়নসহ আর্থ-সামাজিক প্রতিটি সূচকে বাংলাদেশ এগিয়ে যাচ্ছে। উন্নয়নের এ অগ্রযাত্রা অব্যাহত থাকলে ২০৪১ সালের মধ্যেই বাংলাদেশ বিশ্বে একটি উন্নত-সমৃদ্ধ দেশে পরিণত হবে, ইনশাআল্লাহ।

১৫ই আগস্টের মর্মান্তিক হত্যাকাণ্ডের বিচারের মাধ্যমে দেশ আজ কলঙ্কমুক্ত হয়েছে। জাতির পিতার পলাতক হত্যাকারীদের বিচারের রায় দ্রুত কার্যকর হবে- জাতীয় শোক দিবসে এটাই দেশবাসীর প্রত্যাশা। ঘাতকচক্র জাতির পিতাকে হত্যা করলেও তাঁর নীতি ও আদর্শকে মুছে ফেলতে পারেনি। আমি জাতির পিতার প্রদর্শিত পথ অনুসরণ করে দেশকে 'সোনার বাংলা' হিসেবে গড়ে তুলতে সকলকে আত্মনিয়োগের আহ্বান জানাচ্ছি।

খোদা হাফেজ, বাংলাদেশ চিরজীবী হোক।

মোঃ আবদুল হামিদ

بسم الله الرحمن الرحيم

রাষ্ট্রপতি

PRESIDENT
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
BANGABHABAN, DHAKA

31 Sraban 1425
15 August 2018

Message

Today 15th August, our National Mourning Day, the 43rd martyrdom anniversary of Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman. It is a tragic day in the history of the Bangali nation. With heavy heart, I pay my deep homage to the memory of Bangabandhu. I pray to the Almighty Allah for the salvation of the departed souls of all the martyrs on this National Mourning Day.

On this day in 1975, the undisputed leader and Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman was brutally assassinated at his residence by a group of killers with the connivance of anti-liberation forces. His wife Sheikh Fazilatunnesa Mujib, sons namely Sheikh Kamal, Sheikh Jamal, Sheikh Russel and some near and dear ones were also assassinated along with Bangabandhu. This barbarous occurrence was rare not only in the history of Bangladesh but also in the history of the world.

Bangabandhu was the visionery leader of Bangali Nation and the architect of our independence. Since the historic Language Movement in 1952, he led the nation at every struggle and democratic movement including Juktafront Election in 1954, movement against Martial Law in 1958, Six-Point Movement in 1966, Mass Upsurge in 1969 and the General Election in 1970, all of which were directed towards attaining the right to self-determination. Bangabandhu had never compromised on the rights of our people. After crossing manifold acclivities and declivities, the great leader finally declared country's independence on March 26, 1971 and the Bangali achieved ultimate victory through a nine-month-long armed struggle under his leadership. The world renowned Newsweek Magazine, in its issue on 5 April 1971, termed Bangabandhu as "Poet of Politics" which marked the firm conviction and deep reverence by the world community to the leadership of Bangabandhu Sheikh Mujibur Rahman. He was a man of unmatched courage having steadfast personality like the Himalayas. At gun point, he asked the killers with a thundering voice, "What do you want?". The well-being of Bangla, Bangali and Bangladesh used to nourish in the belief of Bangabandhu. For his outstanding contributions, Bangabandhu and Bangladesh thus emerged as a unique symbol to the people of Bangladesh.

Along with political independence, Bangabandhu had dreamt of a happy and prosperous Bangladesh in order to attain people's economic emancipation. He elevated the war torn country into a stable position. The defeated forces of the liberation war tried to stop the advancement of the nation by killing him. Though the killers were temporarily successful but in the long run they have been dumped into the ash heap of the history. The Hon'ble Prime Minister Sheikh Hasina, daughter of Bangabandhu has embarked Bangladesh upon a remarkable journey towards development and prosperity. Bangladesh already transformed into a lower middle income country and graduated from least developed country to a developing one. Bangladesh is now marching ahead in every aspect of socio-economic indicator attaining continuous economic growth, raising per capita income, launching of satellite into the space, building Rooppur Nuclear Power Plant, implementing mega projects like the Padma Bridge by own resources. In line with current development, I am confident that Bangladesh would be a developed country by 2041, InshaAllah.

The country is now free of disgrace by the trial of the tragic killing of 15th August. The verdict of fugitive killers will soon come into force - this is the expectation of the countrymen on the National Mourning Day. Though the assassins killed Father of the Nation, they could not wipe out his principle and ideals. I urge everyone to follow the path shown by the Father of the Nation and devote themselves to turn the country into 'Golden Bangla'.

Khoda Hafez, May Bangladesh Live Forever.

Md. Abdul Hamid

Message by the Hon'ble Prime Minister

Sheikh Hasina

بسم الله الرحمن الرحيم

প্রধানমন্ত্রী
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

৩১ শ্রাবণ ১৪২৫
১৫ আগস্ট ২০১৮

বাণী

১৫ই আগস্ট জাতীয় শোক দিবস। সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯৭৫ সালের এই দিনে সপরিবারে মানব ইতিহাসের বর্বরতম হত্যাকাণ্ডের শিকার হন।

জাতির পিতার সহধর্মিণী বঙ্গমাতা শেখ ফজিলাতুন নেছা মুজিব, পুত্র ক্যাপ্টেন শেখ কামাল, লেফটেন্যান্ট শেখ জামাল, দশ বছরের শিশুপুত্র শেখ রাসেল, পুত্রবধূ সুলতানা কামাল ও রোজী জামাল, বঙ্গবন্ধুর সহোদর শেখ নাসের, কৃষকনেতা আব্দুর রব সেরনিয়াবাত, যুবনেতা শেখ ফজলুল হক মণি ও তাঁর অন্তঃসত্ত্বা স্ত্রী আরজু মণি, বেবী সেরনিয়াবাত, সুকান্ত বাবু, আরিফ, আব্দুল নঈম খান রিন্টুসহ পরিবারের ১৮ জন সদস্যকেও ঘৃণ্য ঘাতকরা এ দিনে হত্যা করে। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সামরিক সচিব কর্নেল জামিলও নিহত হন। ঘাতকদের কামানের গোলার আঘাতে মোহাম্মদপুরে একটি পরিবারের বেশ কয়েকজন হতাহত হন।

জাতীয় শোক দিবসে আমি মহান আল্লাহ্তায়ালার দরবারে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ ১৫ই আগস্টের সকল শহিদের রূহের মাগফেরাত কামনা করছি।

জাতির পিতার দূরদর্শী, সাহসী এবং ঐন্দ্রজালিক নেতৃত্বে বাঙালি জাতি পরাধীনতার শৃঙ্খল ভেঙ্গে ছিনিয়ে এনেছিল স্বাধীনতার রক্তিম সূর্য। বাঙালি পেয়েছে স্বাধীন রাষ্ট্র, নিজস্ব পতাকা ও জাতীয় সঙ্গীত।

সদ্য স্বাধীন যুদ্ধবিধ্বস্ত দেশে বঙ্গবন্ধু শেখ মুজিব যখন সমগ্র জাতিকে নিয়ে সোনার বাংলা গড়ার সংগ্রামে নিয়োজিত, তখনই স্বাধীনতাবিরোধী-যুদ্ধপরাধী চক্র তাঁকে হত্যা করে। এর মধ্য দিয়ে তারা বাঙালির ঐতিহ্য, সংস্কৃতি, কৃষ্টি ও অগ্রযাত্রাকে স্তব্ধ করার অপপ্রয়াস চালায়। তাদের উদ্দেশ্যই ছিল অসাম্প্রদায়িক গণতান্ত্রিক বাংলাদেশের রাষ্ট্রকাঠামোকে ভেঙে আমাদের কষ্টার্জিত স্বাধীনতাকে ভূলুণ্ঠিত করা।

এই জঘন্য হত্যাকাণ্ডের সঙ্গে জড়িত স্বাধীনতাবিরোধী চক্র '৭৫ এর ১৫ই আগস্টের পর থেকেই হত্যা, ক্যু ও ষড়যন্ত্রের রাজনীতি শুরু করে। তারা ইনডেমনিটি অর্ডিনেন্স জারী করে বঙ্গবন্ধু শেখ মুজিব হত্যার বিচারের পথও বন্ধ করে দেয়।

জিয়াউর রহমান অবৈধভাবে ক্ষমতা দখল করে। মার্শাল ল' জারীর মাধ্যমে গণতন্ত্রকে হত্যা করে। সংবিধানকে ক্ষত-বিক্ষত করে। বঙ্গবন্ধু শেখ মুজিবের হত্যাকারীদের পুরস্কৃত করে। বিদেশে দূতাবাসে চাকুরি দেয়। স্বাধীনতাবিরোধী-যুদ্ধাপরাধীদের নাগরিকত্ব দেয়। রাষ্ট্রক্ষমতার অংশীদার করে। রাজনৈতিক ও সামাজিকভাবে পুনর্বাসিত করে। পরবর্তী বিএনপি-জামাত সরকারও একই পথ অনুসরণ করে।

বাংলাদেশ আওয়ামী লীগ ১৯৯৬ সালের ১২ই জুনের সাধারণ নির্বাচনে বিজয়ী হয়ে দীর্ঘ ২১ বছর পর সরকার গঠন করে। অতীতের জঞ্জাল সরিয়ে এই ৫ বছরে দেশে আর্থ-সামাজিক উন্নয়নের এক নব দিগন্তের সূচনা হয়। খাদ্য-ঘাটতির দেশ খাদ্যে উদ্বৃত্তের দেশে পরিণত হয়। বাংলাদেশের মানুষের জন্য এ সময়টা ছিল একটি স্বর্ণযুগ। আমরা জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হত্যার বিচার শুরু করি। কিন্তু বিএনপি-জামাত জোট সরকার ২০০১ সালে ক্ষমতায় এসে জাতির পিতা হত্যার বিচার কাজ বন্ধ করে দেয়।

দেশের জনগণ ২০০৮ সালের ২৯শে ডিসেম্বর নির্বাচনে আওয়ামী লীগকে পুনরায় বিপুল ভোটে বিজয়ী করে। রাষ্ট্র পরিচালনার দায়িত্ব নিয়ে পূর্ববর্তী সরকারগুলোর রেখে যাওয়া অচলাবস্থা এবং বিশ্বমন্দা কাটিয়ে আমরা দেশকে দৃঢ় অর্থনৈতিক ভিত্তির উপর প্রতিষ্ঠিত করার কাজ শুরু করি। ২০১৪ সালের ৫ই জানুয়ারি জনবিচ্ছিন্ন বিএনপি-জামাত জোটের নির্বাচন বানচালের পাঁয়তারাকে জনগণ ঘৃণাভরে প্রত্যাখান করে ভোট দিয়ে দেশের সাংবিধানিক ধারাবাহিকতা রক্ষা করে। আবারও আওয়ামী লীগ নির্বাচনে বিজয়ী হয়ে দেশের উন্নয়ন অগ্রযাত্রা অব্যাহত রাখে।

গত সাড়ে ৯ বছরে আমরা দেশের প্রতিটি সেক্টরে কাঙ্ক্ষিত অগ্রগতি অর্জন করেছি। আর্থ-সামাজিক উন্নয়নে বাংলাদেশ এখন বিশ্বে 'রোল মডেল'। সম্প্রতি বাংলাদেশ উন্নয়নশীল দেশের মর্যাদা অর্জন করেছে। আমরা মহাকাশে বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ উৎক্ষেপণ করেছি। ২০২১ সালের আগেই আমরা বাংলাদেশকে মধ্যম আয়ের এবং ২০৪১ সালের মধ্যে উন্নত-সমৃদ্ধ দেশে পরিণত করব, ইনশাআল্লাহ।

আমরা সপরিবারে জাতির পিতা হত্যার বিচার রায় কার্যকর করেছি। জাতীয় চার নেতা হত্যার বিচার সম্পন্ন হয়েছে। একাত্তরের মানবতাবিরোধী-যুদ্ধাপরাধীদের বিচারের রায় কার্যকর করা হচ্ছে। জঙ্গিবাদ-সন্ত্রাসবাদ নির্মূলে আমাদের সরকার 'জিরো টলারেন্স' নীতি অনুসরণ করছে। সংবিধানে পঞ্চদশ সংশোধনীর মাধ্যমে অসাংবিধানিকভাবে ক্ষমতা দখলের সুযোগ বন্ধ করেছি। স্বাধীনতাবিরোধী সাম্প্রদায়িক গোষ্ঠী এবং উন্নয়ন ও গণতন্ত্র-বিরোধীদের যেকোনো অপতৎপরতা ঐক্যবদ্ধভাবে মোকাবিলা করার জন্য আমাদের প্রস্তুত থাকতে হবে।

ঘাতকচক্র বঙ্গবন্ধু শেখ মুজিবকে হত্যা করলেও তাঁর স্বপ্ন ও আদর্শের মৃত্যু ঘটাতে পারেনি। আসুন, আমরা জাতির পিতা হারানোর শোককে শক্তিতে পরিণত করি। তাঁর ত্যাগ এবং তিতিক্ষার দীর্ঘ সংগ্রামী জীবনাদর্শ ধারণ করে সবাই মিলে একটি অসাম্প্রদায়িক, ক্ষুধা-দারিদ্র্যমুক্ত ও সুখী-সমৃদ্ধ বাংলাদেশ গড়ে তুলি। প্রতিষ্ঠা করি জাতির পিতার স্বপ্নের সোনার বাংলাদেশ। জাতীয় শোক দিবসে এই হোক আমাদের অঙ্গীকার।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবী হোক।

শেখ হাসিনা

بسم الله الرحمن الرحيم

PRIME MINISTER
GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

31 Shrabon 1425
15 August 2018

Message

The 15th August is the National Mourning Day. On this day in 1975, the greatest Bangalee of all time, Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman, along with his family members, was assassinated in one of the most barbaric carnages in the human history.

Eighteen members of the family along with Bangabandhu's wife Sheikh Fazilatunnesa Mujib, 3 sons-Captain Sheikh Kamal, Lieutenant Sheikh Jamal and Sheikh Russel, 2 daughters-in-law Sultana Kamal and Rosy Jamal, brother Sheikh Naser, peasant leader Abdur Rab Serniabat, youth leader Sheikh Fazlul Haq Moni and his wife Arzu Moni, Baby Serniabat, Sukanta Babu, Arif and Abdul Nayeem Khan Rintu were killed on that fateful night. Bangabandhu's Military Secretary Colonel Jamil was also killed. Some members of a family at Mohammadpur in the capital were also killed by artillery shells fired by the killers on the same day.

On this day, I pray to the Almighty Allah for the salvation of the souls of all martyrs of the 15th August, including the Father of the Nation.

Under the dynamic, courageous and charismatic leadership of the Father of the Nation, the people of this territory brought the reddish sun of the independence breaking the shackles of subjugation of thousands of years. The Bangalees have gotten their own nation-state, flag and national anthem.

But Bangabandhu Sheikh Mujibur Rahman was killed at a time when he had undertaken an arduous task of building a Golden Bangladesh reconstructing the war-ravaged country and unifying the whole nation. The defeated forces of the Liberation War made abortive attempts to ruin the tradition, culture and advancement of the Bangalee nation. Their aim was to destroy the secular democratic fabric of Bangladesh.

The anti-liberation forces linked to the carnage initiated the politics of assassination, coup and conspiracy. The trial of Bangabandhu's brutal assassination was blocked through promulgation of indemnity ordinance.

Ziaur Rahman usurped the state power and promulgated Martial Law suspending the constitution and overthrowing the people's elected government. The killers of the Father of the Nation were rewarded and given jobs at the Bangladesh missions abroad. The anti-liberation elements were given nationality. They were made partners of the state power and rehabilitated politically and socially. The subsequent governments of BNP-Jamat alliance had followed the same path.

Winning the general elections on 12th June 1996, Bangladesh Awami League assumed state power after long 21 years. A new horizon of development was initiated during the 5-year tenure overcoming the obstacles of the past. The country once deficient in food production became self-sufficient. This period was a 'golden era' for the countrymen. We had initiated the trial of the Bangabandhu Sheikh Mujib killing case. But after taking over state power, BNP-Jamat government stopped the trial.

The people of the country made Awami League victorious again in the 29th December general elections in 2008. Overcoming the stagnancy left by the previous BNP-Jamat government and global economic recession, we have put the country on firm economic footing. Rejecting BNP-Jamat's conspiracy to foil the general elections on 5th January 2014, people upheld the constitutional process by casting their votes. Bangladesh Awami League formed the government again and continued the work of development.

During the last nine and a half years, we have achieved desired advancement in every sector. Bangladesh in now a 'role model' of socio-economic development. Bangladesh has recently being graduated to developing country. We have launched Bangabandhu satellite-1. We shall turn Bangladesh into a middle-income country before 2021 and a developed one by 2041, InshaAllah.

We have executed the verdict of the Bangabandhu killing case. The trial of the killers of four national leaders has been completed. The verdicts of the cases against war criminals are being executed. Our government is following 'zero tolerance' policy to uproot militancy-terrorism. The path of grabbing state power unconstitutionally has been stopped by passing 15th amendment to the Constitution by the parliament. We have to remain ready to resist any ill-attempt by the anti-liberation-communal group and anti-development-democracy forces.

The killers were able to assassinate Bangabandhu Sheikh Mujibur Rahman but they could not erase his dreams and ideals. Let us come and turn the grief of the loss of Bangabandhu into strength. Let us engage ourselves holding Bangabandhu's philosophy in building a non-communal, hunger-illiteracy-free, and happy-prosperous Bangladesh and establish the Golden Bangladesh as dreamt by the Father of the Nation. That is our solemn pledge on the National Mourning Day.

Joi Bangla, Joi Bangabandhu
May Bangladesh Live Forever.

Sheikh Hasina

Message by the Hon'ble Foreign Minister

Abul Hassan Mahmood Ali, MP

بسم الله الرحمن الرحيم

পররাষ্ট্র মন্ত্রী
FOREIGN MINISTER

GOVERNMENT OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
DHAKA

বাণী

১৫ আগস্ট ২০১৮

আজ ১৫ আগস্ট, জাতীয় শোকদিবস। বাঙালি জাতির ইতিহাসে সবচেয়ে কলঙ্কজনক একটি দিন। ১৯৭৫ সালের এইদিনে স্বাধীন বাংলাদেশের মহান স্থপতি, সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ তাঁর পরিবারের প্রায় সকল সদস্যকে নির্মমভাবে হত্যা করা হয়। কিন্তু পরম করুণাময়ের অশেষ কৃপায় বিদেশে অবস্থান করায় সেই হত্যাকান্ড থেকে বেঁচে যান বঙ্গবন্ধুর দুই কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও শেখ রেহানা।

শোকাবহ এই দিনে আমি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং সে হত্যাকান্ডে শহিদ হওয়া তাঁর পরিবারের সদস্যদের প্রতি গভীর শ্রদ্ধা জানাচ্ছি এবং তাঁদের রুহের মাগফিরাত কামনা করছি।

বঙ্গবন্ধুর দূরদর্শী ও নিপূণ নেতৃত্ব বাঙালি জাতিকে উজ্জীবিত ও ঐক্যবদ্ধ করে নতুন আশা-আকাঙ্খার সৃষ্টি করেছিল; রুখে দাঁড়াতে শিখিয়েছিল পাকিস্তানি স্বৈরশাসকদের নির্যাতন ও নিপীড়নের বিরুদ্ধে; স্বপ্ন দেখিয়েছিল স্বাধীন সার্বভৌম বাংলাদেশ প্রতিষ্ঠার। ১৯৫২'র ভাষা আন্দোলন, ৫৪'র যুক্তফ্রন্ট নির্বাচন, ৬২'র ছাত্র আন্দোলন, ৬৬'র ছয়দফা আন্দোলন, ৬৯ এর গণঅভ্যুত্থান, ৭০ এর নির্বাচনসহ বাঙালির মুক্তি ও অধিকার আদায়ে পরিচালিত প্রতিটি আন্দোলন পরিচালিত হয়েছে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নেতৃত্বেই। বাঙালির অধিকারের প্রশ্নে তিনি কখনও আপোষ করেননি। কোন ধরনের চোখ রাঙানি, জীবননাশের হুমকি, নির্যাতনের কাছে তিনি মাথানত করেননি। তাঁর আহবানে সাড়া দিয়ে এদেশের আপামর জনগণ মহান মুক্তিযুদ্ধে ঝাঁপিয়ে পড়ে এবং সশস্ত্র মুক্তিযুদ্ধের মাধ্যমে অর্জন করে বহু কাঙ্খিত স্বাধীন-সার্বভৌম বাংলাদেশ।

বঙ্গবন্ধু একটি সুখী, সমৃদ্ধ, শোষণমুক্ত ও বৈষম্যহীন সোনার বাংলার স্বপ্ন দেখেছিলেন। এ স্বপ্ন ছিল মানুষের জন্য অফুরান ভালবাসা, বাঙালিদের জন্য মমত্ববোধ এবং বৈষম্যহীন সমাজগড়ার অনুপম বোধ থেকে উৎসারিত। মুক্তিযুদ্ধে প্রায় সম্পূর্ণরূপে ধ্বংসপ্রাপ্ত এবং অর্থনীতিতে পশ্চাৎপদ বাংলাদেশের নেতৃত্ব গ্রহণ করেন বঙ্গবন্ধু। জাতির পিতা যখন যুদ্ধবিধ্বস্ত বাংলাদেশের পুনর্বাসন ও পুনর্গঠন কাজ সম্পন্ন করেন, ঠিক সেই সময় দেশ ও জাতির শত্রু কতিপয় কুচক্রী তাঁকে হত্যা করে বাংলাদেশের অগ্রগতি রুদ্ধ করার ঘৃণ্য পদক্ষেপ নেয়। কুচক্রীদের দেশবিরোধী কার্যকলাপ আমাদের ২১টি বছরের জন্য জিম্মি করে রাখে।

ইনডেমনিটি অর্ডিন্যান্স জারি করে বঙ্গবন্ধু হত্যার বিচারের পথ বন্ধ করে দেয়া হয়। বঙ্গবন্ধুর হত্যাকারীদের পুরস্কৃত করা হয়, বিদেশস্থ দূতাবাসে চাকরি দেয়া হয়, রাষ্ট্রীয় ক্ষমতার অংশীদার করা হয় এবং রাজনৈতিক ও সামাজিকভাবে প্রতিষ্ঠিত করা হয়। আওয়ামী লীগ সরকার গণতন্ত্র ও আইনের শাসন সমুন্নত রাখতে জাতির পিতার হত্যার রায় কার্যকর করেছে। সব ধরনের সন্ত্রাস ও জঙ্গিবাদের বিরুদ্ধে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার zero tolerance নীতি দেশের আপামর জনসাধারণের পাশাপাশি বিশ্ব সম্প্রদায়ের কাছ থেকে পূর্ণ সমর্থন পেয়েছে।

বঙ্গবন্ধুকন্যা, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা তাঁর মহান পিতার আদর্শ অনুসরণ করে ২০২১ সালের মধ্যে বাংলাদেশকে একটি মধ্যম আয়ের দেশে এবং ২০৪১ সালের মধ্যে একটি উন্নত দেশে পরিণত করার লক্ষ্যে নিরলস কাজ করে যাচ্ছেন। এরই ধারাবাহিকতায় এ বছরের ১৬ই মার্চ তারিখে, বঙ্গবন্ধুর ৯৯তম জন্মদিনের প্রাক্কালে বাংলাদেশ স্বল্পোন্নত দেশের তালিকা হতে উন্নয়নশীল দেশের কাতারে উন্নীত হয়েছে। বাংলাদেশ এখন সারা বিশ্বে 'উন্নয়নের রোল মডেল' হিসেবে স্বীকৃত।

জাতির শোকাবহ এইদিনে আসুন আমরা শোককে শক্তিতে পরিণত করে আমাদের প্রিয় নেত্রী ও বঙ্গবন্ধুকন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বঙ্গবন্ধুর স্বপ্নের 'সোনার বাংলা' গড়ার কাজে যার যার অবস্থান থেকে নিজেদের নিয়োজিত করি।

জয়বাংলা, জয় বঙ্গবন্ধু

(আবুল হাসান মাহমুদ আলী, এমপি)

بسم الله الرحمن الرحيم

পররাষ্ট্র মন্ত্রী
FOREIGN MINISTER

GOVERNMENT OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
DHAKA

Message

15 August 2018

Today is 15 August, our 'National Mourning Day'; the most disgraceful day in the history of Bengali Nation. On this day in 1975, the architect of Independent Bangladesh, the greatest Bangalee of all the time, the Father of the Nation, Bangabandhu Sheikh Mujibur Rahman along with most of his family members was assassinated in one of the most barbaric carnages of history. However, by the grace of Almighty Allah, both the daughters of Bangabandhu, Hon'ble Prime Minister Sheikh Hasina and Sheikh Rehana, survived as they were abroad at that time.

On this day of mourning, I pay my deepest respect to the Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman and his family members martyred on 15 August, 1975. I also pray for the salvation of the departed souls.

Visionary leadership of Bangabandhu made Bangalees to protest the suppression of the then autocratic Pakistani rulers. Under the charismatic leadership of Bangabandhu the Bangalees became united. They made utmost sacrifices and embraced untold sufferings at his clarion call for the achievement of a sovereign Bangladesh. Bangabandhu led all the democratic movements of Bengalis directed towards getting their freedom and rights, including the language movement in 1952, the United Front victory in 1954 election, student movement of 1962, six-point movement of 1966, mass upsurge of 1969 and the general election of 1970. He never compromised on the question of the rights of the Bangalees. In response to his clarion call, the Bengali people took part in the nine month long great liberation war and achieved independent Bangladesh.

The Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman dreamt of a happy and prosperous Sonar Bangla, free from all kinds of exploitation and oppression. His dream was inspired by his enduring love for people, affection for Banglees and a society free from all kinds of discrimination-all those constituted the core philosophy of his life. He took over the leadership of a war-ravaged and economically backward country. Bangabandhu accomplished the formidable tasks of rehabilitation and rebuilding the nation just in three and a half years. Some conspirators and enemies of the country, committed the heinous crime on 15 August 1975to thwart our advancement. The anti-State activities of those traitors held us hostage for long 21years.

The trial of Bangabandhu's assassination was blocked through promulgation of Indemnity Ordinance. The killers of the Father of the Nation were awarded with jobs at Bangladesh missions abroad and they were made partners of state power, and were rehabilitated politically and socially. The Awami League government under the leadership of Prime

Minister Sheikh Hasina has implemented the verdict of Bangabandhu murder trial. The government is also committed to uphold democracy and the rule of law. Hon'ble Prime Minister Sheikh Hasina's zero tolerance policy towards all forms of terrorism and violent extremism has received full support and cooperation from the people of all walks of life as well as from the international community.
Inspired by the vision of our founding Father Bangabandhu Sheikh Mujibur Rahman, his daughter Prime Minister Sheikh Hasina has been leading the development activities of Bangladesh. Under her able leadership, Bangladesh is working hard to be elevated into a middle income country by 2021 and a developed one by 2041.

To this end, Bangladesh has successfully crossed the first step by graduating into a developing from the least developed country category as recognised by the United Nations on 16 March this year on the eve of Bangabandhu's 99th Birth Anniversary. Bangladesh is now recognised as a 'Role Model of development' in the whole world.

On this day of Mourning, let us transform our grief into strength and continue to work from our respective positions under the leadership of Prime Minister Sheikh Hasina to realise Bangabandhu's dream of Sonar Bangla (Golden Bengal).

Joy Bangla, Joy Bangabandhu

(Abul Hassan Mahmood Ali, MP)

Message by the Hon'ble State Minister for Foreign Affairs

Md. Shahriar Alam, MP

بسم الله الرحمن الرحيم

Md. Shahriar Alam, MP
State Minister
মোঃ শাহ্‌রিয়ার আলম, এমপি
প্রতিমন্ত্রী

MINISTRY OF FOREIGN AFFAIRS
GOVERNMENT OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
DHAKA

বাণী

১৫ আগস্ট ২০১৮

আজ শোকাবহ ১৫ আগস্ট। জাতীয় শোক দিবস। বাঙালি জাতির ইতিহাসে সবচেয়ে বেদনাবিধুর, বিভীষিকাময় ও কলঙ্কজনক একটি দিন। ৪৩ বছর পূর্বে এইদিনে এদেশের মহান মুক্তিযুদ্ধের মহানায়ক, বাংলাদেশের মহান স্থপতি, জাতির পিতা, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে নিষ্ঠুরভাবে হত্যা করা হয়েছিল।

১৯৭৫ সালের এইদিনে ধানমন্ডির ৩২ নম্বরের নিজ বাড়িতে ঘাতকের বুলেটের নিষ্ঠুর আঘাতে সপরিবারে প্রাণ দিয়েছিলেন বাঙালির ইতিহাসের শ্রেষ্ঠ সন্তান। সেই কালরাতে হায়েনাদের থাবা থেকে বাঁচতে পারেনি বঙ্গবন্ধুর শিশুপুত্র রাসেলও। সেসময় বঙ্গবন্ধুর সহধর্মিনী মহীয়ষী নারী বেগম ফজিলাতুননেছাকেও নির্মমভাবে হত্যা করা হয়, যিনি বাঙালি জাতির মুক্তির সংগ্রামে বঙ্গবন্ধুর পাশে থেকে সারা জীবন সহযোগিতা করেছেন। বিদেশে অবস্থান করায় সেই হত্যাযজ্ঞ থেকে বেঁচে যান বঙ্গবন্ধুর দুই কন্যা শেখ হাসিনা (বর্তমান মাননীয় প্রধানমন্ত্রী) ও শেখ রেহানা।

শোকের এ দিনে আমি গভীর শ্রদ্ধায় স্মরণ করছি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং সে হত্যাকাণ্ডে শহিদ হওয়া তাঁর পরিবারের সকল সদস্যকে।

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান একটি নাম, যা বাঙালি জাতির ইতিহাসে পরিণত হয়েছে। বঙ্গবন্ধু না থাকলে আমরা আমাদের প্রিয় বাংলাদেশ পেতাম না। বঙ্গবন্ধু বাঙালি জাতির মুখে হাসি ফোটাতে চেয়েছিলেন; তাদেরকে শোষণ, নিপীড়ন, ক্ষুধা ও দারিদ্র্যমুক্ত করতে চেয়েছিলেন এবং তিনি এজন্য সারাজীবন সংগ্রাম করেছেন। বঙ্গবন্ধুর ধৈর্য, সংগ্রাম, দীর্ঘদিন কারাভোগ, মানুষের প্রতি নি:শর্ত ভালোবাসা এবং নির্লোভ নেতৃত্বই তাঁর প্রতি জনগণের গভীর আস্থা সৃষ্টি করেছিল। তিনি এদেশের গণমানুষের আশা-আকাঙ্খার প্রতীকে পরিণত হয়েছিলেন। ৫২'র ভাষা আন্দোলনে তিনি ছিলেন সংগ্রামী নেতা। ১৯৫৪ সালের যুক্তফ্রন্ট নির্বাচন, ১৯৬২ সালের ছাত্র আন্দোলন, ১৯৬৬ সালের ছয়দফা আন্দোলন, ১৯৬৯ সালের গণঅভ্যুত্থান, ১৯৭০ এর নির্বাচন এবং চূড়ান্তপর্বে ১৯৭১ সালের মুক্তিযুদ্ধ - প্রতিটি আন্দোলনই পরিচালিত হয়েছে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নেতৃত্বেই।

বঙ্গবন্ধুকে হত্যার মাধ্যমে ঘাতকরা বাংলার মাটি হতে মুক্তিযুদ্ধের চেতনা, অসাম্প্রদায়িকতা এবং সমতাভিত্তিক সমাজ প্রতিষ্ঠার মূল্যবোধ মুছে দিতে চেয়েছিল। কিন্তু, বঙ্গবন্ধুর মৃত্যু হলেও তাঁর মূল্যবোধ, নীতি ও আদর্শের মৃত্যু হয়নি। বরং তাঁর আদর্শ প্রোথিত রয়েছে বাংলার জনগণের হৃদয়ে। বঙ্গবন্ধুর স্বপ্ন ছিল বাংলাদেশকে একটি আধুনিক উন্নত রাষ্ট্রে পরিণত করা। সে লক্ষ্যে তিনি কাজও শুরু করেছিলেন। বঙ্গবন্ধুকন্যা, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা তাঁর মহান পিতার আদর্শ অনুসরণ করে ২০০৯ সালে সরকার গঠনের পর সরকারের সকল শক্তি ও সম্পদ নিয়োজিত করেন দেশ ও জনগণের সার্বিক উন্নয়নে। মাননীয় প্রধানমন্ত্রীর যোগ্য নেতৃত্বে বর্তমান সরকার ২০২১ সালের মধ্যে বাংলাদেশকে একটি মধ্যম আয়ের দেশে এবং ২০৪১ সালের মধ্যে একটি উন্নত দেশে পরিণত করার লক্ষ্যে নিরলস কাজ করে যাচ্ছে।

মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃত্বে আওয়ামী লীগ সরকারের বাস্তবধর্মী পদক্ষেপ গ্রহণের ফলে বাংলাদেশ সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রাসমূহ সফলভাবে অর্জন করে এবং বর্তমানে টেকসই উন্নয়ন লক্ষ্যসমূহ অর্জনের পথে রয়েছে। আজ বাংলাদেশ

ফোন ঃ (+৮৮০-২) ৯৫৬২৯৫৪, ফ্যাক্স ঃ (+৮৮০-২) ৯৫৫৬০২৮, E-mail: sm@mofa.gov.bd

بسم الله الرحمن الرحيم

Md. Shahriar Alam, MP
State Minister
মোঃ শাহ্‌রিয়ার আলম, এমপি
প্রতিমন্ত্রী

MINISTRY OF FOREIGN AFFAIRS
GOVERNMENT OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
DHAKA

বৈদেশিক-সহায়তা নির্ভর অর্থনীতি হতে বৈদেশিক-বাণিজ্য নির্ভর অর্থনীতিতে রূপান্তরিত হয়েছে। এখন বাংলাদেশের মাথাপিছু আয় ১৭৫২ মার্কিন ডলার, প্রবৃদ্ধির হার ৭.৬৫ শতাংশেরও বেশী। ২০১৭ সালের দ্রুততর প্রবৃদ্ধি অর্জনকারী শীর্ষ ১০টি দেশের তালিকায় বাংলাদেশও রয়েছে। এর ফলে একদিকে বাংলাদেশ যেমন সারা বিশ্বে 'উন্নয়নের রোল মডেল' হিসেবে স্বীকৃতি পেয়েছে, তেমনি রচনা করে চলেছে একের পর এক সাফল্যগাঁথা, অর্জন করেছে বহু আন্তর্জাতিক পুরস্কার ও সম্মানজনক স্বীকৃতি। এরই ধারাবাহিকতায় এ বছরের মার্চ মাসে বাংলাদেশ স্বল্পোন্নত দেশের তালিকা হতে উন্নয়নশীল দেশ হিসেবে উত্তরণের প্রথম ধাপটি সফলভাবে পার করেছে এবং জাতিসংঘ কর্তৃক উন্নয়নশীল দেশের যোগ্যতা অর্জনের স্বীকৃতি পেয়েছে। দেশের প্রথম স্যাটেলাইট "বঙ্গবন্ধু স্যাটেলাইট-১" মহাকাশে উৎক্ষেপনের মাধ্যমে বাংলাদেশ তথ্যপ্রযুক্তি বিকাশের ক্ষেত্রেও পৌছে গেছে এক অনন্য উচ্চতায়।

একটি বিষয় উল্লেখ করা উচিত যে, ১৯৭৫ পরবর্তী সরকার এবং জিয়াউর রহমান বঙ্গবন্ধুর খুনীদের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মতো স্পর্শকাতর মন্ত্রণালয়ে চাকুরী দিয়ে বিভিন্ন দূতাবাসে নিয়োগ দিয়েছিল। মহামান্য আদালতে দীর্ঘ ৩৪ বছর পর বঙ্গবন্ধু হত্যাকাণ্ডের বিচারকার্য সম্পন্ন করে রায় দেওয়া হয়েছে, যার আংশিক বাস্তবায়ন হয়েছে। এখন আমাদের পবিত্র দায়িত্ব, পালিয়ে যাওয়া খুনীদের অবস্থান চিহ্নিত করে তাদেরকে দেশে ফিরিয়ে এনে বিচারের রায় কার্যকর করার মাধ্যমে নিজেদেরকে কলঙ্কমুক্ত করার জন্য সর্বাত্মক কার্যক্রম গ্রহণ করা। আশা করি, আপনারা সকলে এ ব্যাপারে সচেষ্ট থাকবেন।

আজকের এই শোক দিবসে আমরা শোককে শক্তিতে রূপান্তরিত করার মাধ্যমে জাতির পিতা বঙ্গবন্ধুর স্বপ্নের 'সোনার বাংলা' ও মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার একটি 'প্রযুক্তিনির্ভর উন্নত ও আধুনিক বাংলাদেশ' গড়ার কাজে যার যার অবস্থান থেকে আত্মনিয়োগ করে বাংলাদেশকে আরও সামনের দিকে এগিয়ে নিয়ে যাবো - এই হোক আমাদের দৃঢ় অঙ্গীকার।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবী হোক।

মোঃ শাহ্‌রিয়ার আলম, এমপি

ফোন ঃ (+৮৮০-২) ৯৫৬২৯৫৪, ফ্যাক্স ঃ (+৮৮০-২) ৯৫৫৬০২৮, E-mail: sm@mofa.gov.bd

بسم الله الرحمن الرحيم

Md. Shahriar Alam, MP
State Minister
মোঃ শাহ্‌রিয়ার আলম, এমপি
প্রতিমন্ত্রী

MINISTRY OF FOREIGN AFFAIRS
GOVERNMENT OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
DHAKA

Message

15 August 2018

Today is 15 August, our 'National Mourning Day'- the most sorrowful, dreadful and disgraceful day in the history of Bengalee Nation. At that dark night of forty three years back, the greatest leader of the liberation war, founding architect of Bangladesh, Father of the Nation, Bangabandhu Sheikh Mujibur Rahman was brutally killed.

In the early morning of 15 August 1975, the greatest Bangali of all time was killed along with his family members in his own house at Road No. 32, Dhanmondi with torrent of bullets. In that unfortunate morning, none of Bangabandhu's family members, even his youngest son Russel could escape the claws of hyenas. Begum Fazilatunnesa, wife of Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman who contributed greatly in Bangladesh's struggle for the nation, also faced martyrdom along with Bangabandhu and other family members during that brutal killing. Fortunately both the daughters of Bangabandhu, Sheikh Hasina (present Hon'ble Prime Minister) and Sheikh Rehana, survived the carnage as they were abroad at that time.

On this grief stricken day, I recall our Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman and his family members martyred on 15 August with deep reverence.

Bangabandhu Sheikh Mujibur Rahman is a name, a history. In fact, had there been no Bangabandhu, we would not have got our dearest Bangladesh. Bangabandhu had a dream of bringing smile in the face of Bengalee people. He wanted to make them free from exploitation, hunger, poverty and subjugation. He found out his own way to do that. People's trust was bestowed on him because of his endurance, long years of confinement and struggle, unconditional love for people and an unavaricious characteristic. He emerged as a rebel leader during 1952 language movement. It was Bangabandhu under whose leadership the Bengalees passed the bars of 1954's United Front's election, 1962's student movement, six points movement of 1966, mass upsurge of 1969, 1970's election and finally 1971's War of Liberation- in every moment, the greatest Bengalee was with us.

By killing Bangabandhu, the murderers wanted to erase the spirit of the War of Independence, secularism and the values of building an equitable society. However, the death of Bangabandhu could not wipe out his values, principles and ideals; rather these are ingrained in the heart of the Bangali nation. Bangabandhu dreamt for a modern developed Bangladesh and he started working to materialise that vision. Inspired by the vision of our founding father Bangabandhu Sheikh Mujibur Rahman, his daughter, the current Prime Minister of Bangladesh Sheikh Hasina has been leading the development pursuit of Bangladesh since her assumption to power in 2009. Under her able leadership, Bangladesh is working hard to upgrade to a middle income country by 2021 and a developed country by 2041.

ফোন ঃ (+৮৮০-২) ৯৫৬২৯৫৪, ফ্যাক্স ঃ (+৮৮০-২) ৯৫৫৬০২৮, E-mail: sm@mofa.gov.bd

بسم الله الرحمن الرحيم

Md. Shahriar Alam, MP
State Minister
মোঃ শাহ্‌রিয়ার আলম, এমপি
প্রতিমন্ত্রী

MINISTRY OF FOREIGN AFFAIRS
GOVERNMENT OF THE
PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
DHAKA

Bangladesh has successfully achieved the Millennium Development Goals (MDGs) and on its own way for implementing the Sustainable Development Goals (SDGs) as a result of pragmatic initiatives commenced by the Awami League government. Now Bangladesh has been transformed into a trade-dependent country from an aid-dependent one. Currently, Bangladesh is marching forward with US$ 1,752 per capita income and more than 7.65% growth rate. Bangladesh was also included in the list of top-ten fast-growing economies in 2017. Very recently Bangladesh has officially come out of LDC status which attests to the success of the government particularly. Therefore, on one hand, Bangladesh has been recognised as a 'Role Model of Development' to the outer world and on the other hand it has been creating continuous success stories, earning many international awards and respectable acclamation. As a consequence of all these tremendous achievements, the United Nations has recently announced Bangladesh's eligibility for graduation to the 'Developing Country' status from the 'Least Developed Country' category. By the successful launching of Bangabandhu-1 satellite- the first Bangladeshi geostationary communication satellite, we have made our entry to communication technology to a unique height.

It is worth mentioning that after Brutal killing of Father of the nation in 1975, the then government and Ziaur Rahman rewarded the killers of Bangabandhu with jobs at sensitive establishments of the government like Bangladesh missions abroad under Ministry of Foreign Affairs. The judicial procedure against the killers had been continued for long 34 years and finally the verdict was announced in 2009 and executed partly. Now, it is our sacred duty to make us stainfree by finding out rest of the killers absconding abroad to execute the verdict. I hope you will be committed in this regard.

We will take Bangladesh ahead by dedicating ourselves from our own positions to the destination of 'Sonar Bangla' as dreamt by our Father of the Nation Bangabandhu and 'a technology based developed and modern Bangladesh' as envisioned by Prime Minister Sheikh Hasina through the transformation of our grief into strength. This must be our pledge on this sorrowful day of national mourning.

Joy Bangla, Joy Bangabandhu
May Bangladesh Live Forever

Md. Shahriar Alam, MP

ফোন ঃ (+৮৮০-২) ৯৫৬২৯৫৪, ফ্যাক্স ঃ (+৮৮০-২) ৯৫৫৬০২৮, E-mail: sm@mofa.gov.bd

Few write-ups on The Tragic Day of the History of Bangladesh

e½eÜ Mv_v
nvmvb j nK Bb

ÔceBমানের ¶gi নাই; সাপের শেষ রাখতে নাই'- এই কথাটা স্মরণে রাখতে আমাদের পরামর্শ দিয়েছিলেন কুষ্টিয়ার ভেড়ামারার ওমর চাচা।

Igi PvPvi mZK evYxi h_v_Zv অনুধাবন করতে পারলাম যখন ১৫B AvM÷, evsjvদেশের রাষ্ট্রপিতা, স্বাধীন বাংলাদেশের স্থপতি বঙ্গবন্ধুকে সপরিবারে হত্যা করা হয়। বাংলাদেশের ইতিহাসে বঙ্গবন্ধু হত্যা একটা বড়ো কলঙ্কRbK NUbv| একটা ঐতিহাসিক বিরাট বেইgvbর ঘটনা। ১৯৭৫ সালে যখন এই কলঙ্কজনক ঘটনা ঘটে, তখন ওপারে কলকাতায় লেখক অন্নদাশংকর রায় তাঁর বন্ধু ও কথা সাহিত্যিক মনোজ বসুকে ফোনে বলেন, 'আসুন আমরা দুজনে বসে কাঁদি'। তাঁদের কান্না পেয়েছিল, আর বাংলাদেশের মানুষ ¯ম্ভিত ও হতবাক হয়ে কাঁদতে ভলে গিয়েছিল।

১৯৭৫ সালে ïa GKজন মানুষ বঙ্গবন্ধুকে হত্যার ঘটনা ঘটেনি। ঘাতকরা অবৈধ দখলদাররা, সামরিক শাসকরা জাতির AvZ¥কে হত্যার প্রচেষ্টা চালায়। সাম্প্রদায়িকতার ছুরিতে বিদ্ধ হয় জাতির আত¥| i³¶iY ïiæ nq| ১৯৭৫ থেকে একুশ বছরের mvgwiK kvmb বঙ্গবন্ধুকে বাংলাদেশ থেকে নির্বাসিত করে রাখে। ১৯৯৬ সালে নির্বাসন থেকে বঙ্গবন্ধুর স্বগৃহে প্রত্যাবর্তন শুরম্ন হয় যখন শেখ হাসিনা বাংলাদেশের প্রধানমন্ত্রী হb|

15B AvMó÷i Kj¼RbK NUbv Qvov I বাংলাদেশের বুকে আরো চারটি কলঙ্কRbK ঘটনা ঘটে। তা হলো, ১৯৭১ এ মহাযুদ্ধের মাঠে যুদ্ধাপরাধের ঘটনা, ১৯৭৫ থেকে উপর্যুপরি অবৈধ ক্ষমতা দখল ও সামরিক শাসনের ঘটনা, সংবিধান থেকে মুক্তিযুদ্ধের চেতনার মূল চার নীতি ছেঁটে cdjv I mv¤cÖ`vwqKZv Avg`vwb Ges 21শে AvM÷ শেখ হাসিনাসহ শীর্ষ নেতৃবৃন্দকে হত্যার জন্য গ্রেনেড হামলার NUbv| এই পাঁচ কলঙ্কেi Qvc ললাটে নিয়ে তাই বাংলাদেশ এগুনোর চেষ্টা করেছে।

আজও বাংলাদেশ mv¤cÖ`vwqKZvi Qিরিতে বিদ্ধ জাতির আত্মার i³¶iY I cvP Kj¼ মোছার কঠিন সংগ্রামের ভেতর বঙ্গবন্ধুর মৃত্যুদিবস পালন করছে। এখনো সাম্প্রদায়িকতার, সামরিক শাসনের সকল Pýý মোছা শেষ হয়নি। এখনো mvgwiK শাসকদের "একটু গণতন্ত্র, একটু ধর্মতন্ত্র, একটু সামরিকতন্ত্র" এর গোঁজামিল তত্ত্ব রাজনীতিক অঙ্গÝb বিভ্রান্তির ধুম্রজাল ছড়াচ্ছে। এখনো অনেক পথ পাড়ি দিতে হবে|

বঙ্গবন্ধুকে সঠিকভাবে চিনলেই বাংলাদেশকে চেনা হবে। e½eÜ কেবলমাত্র একজন ব্যক্তি নন। বঙ্গবন্ধু হচ্ছেন- GKwU cZvKv, GKwU gvbwPÎ, একটি দেশ, বাঙালি জাতীয়তার একটি মহাকাব্য, একটি আন্দোলন, জাতি নির্মাণের কারিগর, wVKvbv প্রদানের সংগ্রাম, একটি বিপস্নe, GKwU Af¨Ìvb, GKwU BwZnvm, evOvwj RwZi aæeZviv: RwZi DÌvb ivRbxwZi Kwe, জনগণের বন্ধু, রাষ্ট্রের স্থপতি, স্বাধীনতার প্রতীক, ইতিহাসের মnvbvqK, nvRvi eQরের শ্রেষ্ঠ বাঙালি|

১৯৪৭ সালের ঐতিহাসিক ভুল শোধরান e½eÜ। যে হিন্দু ও মুসলিম ভারতে আলাদা হয়ে পড়ে, সেই তাদের সবাইকে একত্রিত করে এক অখণ্ড বাঙালি জাতিতে পরিণত করেন বঙ্গবন্ধু। বঙ্গবন্ধু বলেন, "আমি মানুষ, আমি বাঙালি, আমি মুসলমান।"

বাংলাদেশের জনগণকে e½eÜ তিন ধাপে তাদের পরিচয় সাজাতে বললেন, আগে মানবতা, তারপর জাতিসত্তা, তারপর ধর্ম। এটাই হলো বঙ্গবন্ধু রচিত বাঙালির বাংলাদেশ উত্থানের, প্রতিষ্ঠার, স্বশাসনের স্বাধীনতার মহাকাব্য। সবাই বাঙালি হয়ে গেল| mv¤ú`wqK wØRwZ-তত্ত্বের আলখাল্লা ফেলে দিল।

১৯৬৯ সালের ৫B ডিসেম্বর তিন নেতার মাজার প্রাঙ্গণে সোহরাওয়ার্দীর মৃত্যুবার্ষিকী অনুষ্ঠানে বঙ্গবন্ধু ঘোষণা ¢`b ÒAvR হইতে পাকি¯ানের পূর্বাঞ্চলীয় প্রদেশটির নাম ce cwK¯ান না শুধুমাত্র 'বাংলাদেশ'।"

১৯৭৩ সালে আলজিয়ার্সে অনুষ্ঠিত জোটনিরপেক্ষ সম্মেলনে সদ্য স্বাধীন বাংলাদেশের রাষ্ট্রপ্রধান শেখ মুজিবুর রহমান সৌদি বাদশা ফয়সালের সাথে বৈঠকে বলেন, 'ইন্দোনেশিয়ার পর বাংলাদেশ দ্বিতীয় মুসলিম সংখ্যাগরিষ্ঠ দেশ। আমি জানতে চাই, কেন সৌদি আরব স্বাধীন ও সার্বভৌম বাংলাদেশকে আজ পর্যন্ত স্বীকৃতি দেয়নি ?'

বাদশা ফয়সাল বলেন, Òআপনি সৌদি আরবের স্বীকৃতি পেতে হলে বাংলাদেশের নাম পরিবর্তন করে ÔBmjvwgK wicvewjK Ae বাংলাদেশÕ করতে হবে।Ó

বঙ্গবন্ধু জবাব দেন, Òএই শর্ত বাংলাদেশে প্রযোজ্য হবে না। বাংলাদেশের জনগণের প্রায় অধিকাংশই মুসলিম। আমাদের প্রায় এক কোটি ভিন্ন ধর্মের নাগরিকও রয়েছে। সবাই একসাথে স্বাধীনতার জন্য যুদ্ধ করেছে বা যুদ্ধের ভোগান্তিতে পড়েছে। তাছাড়া mekw³gvb Avjøাহ শুধুমাত্র মুসলিমদের জন্যই নন। তিনি বিশ্বব্রþটা-র স্রষ্টা। তাছাড়া আপনার দেশের নামও তো ÔBmjvwgK wicvewjK Ae সৌদি আরবÕ নয়। আরব বিশ্বের একজন গুYÌ ও খ্যাতিমান রাজনীতিবিদ প্রয়াত বাদশা ইবনে সৌদের নামে নাম রাখা হয়েছে ÔwKsWg Ae সৌদি আরবÕ। আমরা কেউই এই নামে আপত্তি কwiwb|Ó

জাতির পিতার প্রত্যুৎপন্নমতিত্বও ছিল বিস্ময়কর। নাইজেরিয়ার জেনারেল ইয়াকুব গাওয়ান যখন বললেন, 'অবিভক্ত cwK¯vb GKwU শক্তিশালী দেশ, কেন আপনি দেশটাকে ভেO দিতে গেলেন।' উত্তরে শেখ মুজিব বললেন, "শুনুন মহামান্য রাষ্ট্রপতি, আপনার কথাই হয়Zv wVK Awef³ cwK¯ান হয়তো শক্তিশালী ছিল। তার চেয়েও শক্তিশালী হয়তো হতো অবিভক্ত ভারত। কিন্তু সেসবের চেয়েও শক্তিশালী হতো সংঘব× এশিয়া, আর মহা শক্তিশালী হতো একজোট এই বিশ্বটি। কিন্তু মহামান্য রাষ্ট্রপতি, সব কিছু চাইলেই কি পাওয়া যায়।"

evOwj RwZi gw³i Rb¨ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ৬ দফার ভিত্তিতে স্বশাসনের পক্ষে দাঁড়াতে ঘোষণা দিলেন; সামরিক স্বৈরতন্ত্র হঠানোর কথা বললেন; গণতন্ত্রের ওপর দাঁড়াতে বললেন। গণসংগ্রাম-wbevPb-সশস্ত্র যুদ্ধ এই তিনের অপূর্ব সমন্বয় করলেন। 1970 Gi নির্বাচনকে গণরায়ে রূপান্তর করলেন। অসহযোগ আন্দোলনের নামে স্বশাসিত বাংলাদেশ প্রতিষ্ঠার ঘোষণা দিলেন। নিরস্ত্র জনগণের সশস্ত্র সংগ্রামের মানস গঠনের রাজনীতি উপহার দিলেন। e½eÜ evOwj RwZmËাকে রাষ্ট্রীয় পর্যায়ে প্রতিষ্ঠিত করতে সক্ষম হন। বঙ্গবন্ধু তাই আধুনিক বাঙালি জাতীয়তাবাদের জনক Avi বাংলাদেশ ও বঙ্গবন্ধু অভিন্ন সত্তv|

diwস লেখক মালরোর জীবনের শেষ রচনায় দেখিয়েছেন, একজন শিল্পীকে ফাঁসিতে ঝোলানো হয়েছে, তাঁর পায়ের আঙ্গুলগুলো কোচbvরকমে একটু মাটি স্পর্শ করে আছে। শিল্পী তাঁর স্বভাব অনুযায়ী ওই অবস্থাতেই আঙ্গুল দিয়ে কয়েকটি ইঁদুরের ছবি আঁকেন। আর আশ্চর্যের বিষয় ইঁদুরগুলো অলৌকিকভাবে প্রাণ পেয়ে গেলো এবং ফাঁসির রজ্জু কেটে শিল্পীকে মুক্ত করে দিল। বঙ্গবন্ধুর পায়ের আঙ্গলগুলো যদি মাটি স্পর্শ করতো, তাহলে কি হতো? বঙ্গবন্ধু পায়ের আঙ্গুল দিয়ে বাংলাদেশের মানচিত্রই আঁকতেন। যে মানচিত্র জুড়ে থাকতো বঙ্গবন্ধুর বিশাল শরীর। কবি রফিক আজাদের ভাষায়, 'স্বদেশের মানচিত্র জুড়ে পড়ে আছে wekvj kixi|Õ

কবি বাবলু জোয়ার্দারের ভাষায়-
"সে ছিল দীঘল পুরুষ|-
nvZ বাড়ালেই ধরে ফেলতো
cÂvন্ন nvRvi eMgvBj,
সাড়ে সাত কোটি হৃদয়,
ধরে ফেলতো বৈশাখী মেঘ অনায়াসে।"

বঙ্গবন্ধুর হত্যার পর অন্নদাশংকার রায় লিখেছিলেন, "বঙ্গবন্ধু মুজিবুর রহমান সাধারণ রাজনীতিক ছিলেন না। তিনি ছিলেন RwZi RbK| c`Z্যাগ নয়, দেহত্যাগই জাতির জনকের অস্তিg KZe¨|Õ

কিন্তু এখনো দেশ কল¼মুক্ত নয়। এখনো সাম্প্রদায়িকতার ছুরিকাবিদ্ধ জাতির আত্মার রক্তক্ষরণ হচ্ছে, যুদ্ধ এখনো চলছে। e½eÜi ¯গৃহে প্রত্যাবর্তন কেবল তখনই wbivc` হবে যখন বাংলাদেশের কপাল থেকে যুদ্ধাপরাধ, বঙ্গবন্ধু হত্যা, সামরিক শাসন, সংবিধান থেকে চার মূলনীতির বিসর্জন, ২১শে AvM÷ গ্রেনেড হামjv- এ পাঁচ কলঙ্কের Qvc মোছা হবে, RwZi AvZ¥q wex সাম্প্রদায়িকতার ছুরিটাকে সম্পূর্ণরূপে টেনে তুলে রক্তক্ষরণ বন্ধ করা হবে, অপসৃত হবে বৈষg¨i cvnvo। সেই মাহেন্দ্রক্ষণেই বাংলাদেশ অন্ধকার থেকে আলোর পথে হাসতে হাসতে দাঁড়াবে|

#

প্রাবন্ধিক : গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের তথ্যমন্ত্রী ও জাতীয় সমাজতান্ত্রিক দল-Rvm` mfvcwZ

The Legacy of Bangabandhu

Hasanul Haq Inu

In childhood, uncle Omar of our village used to remind us, 'Traitors are not to be forgiven and poisonous snakes are not to be let loose.'

Realization of this verse occurred when on 15th August, 1975, the Father of the Nation, the architect of Bangladesh was brutally killed along with his kith and kin. Killing Bangabandhu is the most heinous chapter of treachery in the history of our nation.

Acclaimed Indian writer Annadashankar Roy of West Bengal, hearing this tragic event called his friend writer Manoj Bose in Kolkata and said, 'Let's lament together, oh dear!' While people lamented abroad this way, tears of Bangladeshis froze in shock and horror.

Killing Bangabandhu was not mere killing of a person that the perpetrators and military dictators plotted through. They wanted to kill the soul of the nation. Thus the soul of our nation started to bleed, being stabbed with the cursed dagger of communalism. For long 21 years since 1975, the military dictators kept the name 'Bangabandhu' in exile from the nation he gave birth to. And the return of Bangabandhu commenced only when Prime Minister Sheikh Hasina formed elected government in 1996.

Apart from the heinous crime in 1975, four more incidents stained the nation's heart. War crimes in the war of independence in 1971, illegal accession of power and military dictatorship from 1975, scraping off the spirit of independence from constitution and intrusion of 'Rajakars' in politics and the grenade attack on Sheikh Hasina and political leaders on 21st August 2004. Bangladesh has been struggling to move forward with these five stains in the heart of the nation.

Even today, we commemorate the tragic death anniversary of Bangabandhu amidst bleeding of the nation's soul and ongoing struggle of wiping out the five stains. Stains of communalism and military dictatorship are still to be eroded. The hypocritical theory of 'little democracy, little religion, little autocracy' is still fuming chaos in the air. We have a long way to go.

Knowing Bangabandhu perfectly is knowing Bangladesh. Bangabandhu is- a flag, a map, a country, the epic of Bangali nationalism, a movement, an architect of building a nation, a struggle to give home to a nation, a revolution, an uprising, a history, a pole star of Bangali nation, poet of political rise of the nation, a best friend of people, founder of the nation, symbol of independence, the great hero of time, the greatest Bangali of thousand years.

He was Bangabandhu, who corrected the historic mistake of 1947 partition of the sub-continent. The Hindus and the Muslims who were separated, Bangabandhu united them all and created one undivided Bangali nation. Bangabandhu said, 'I am human, I am Bangali and I am Muslim.'

Bangabandhu inspired Banglis to decorate their identity in three steps- humanity first, then nationality and then the religion. This was Bangabandhu's epic on the rise of the independent Bangladesh. Everyone became Bangali, shedding off the cloak of obsolete two-nation theory.

On December 5th, 1969 at the death anniversary of Hussain Shaheed Suhrawardy at three-leaders tomb in Dhaka University, Bangabandhu declared, 'From today the name of the eastern part of Pakistan is not East-Pakistan, it is Bangladesh.'

In 1973 at Non-Aligned Movement summit in Algiers, President Sheikh Mujibur Rahman of the just born Bangladesh had a meeting with Saudi King Faisal. Bangabandhu asked the king, ‘Bangladesh is the second largest Muslim-majority country after Indonesia. What may be reason of Saudi Arabia not recognizing Bangladesh’s independence as yet?’

King Faisal said, ‘In order to obtain Saudi recognition, Bangladesh has to change the name into Islamic Republic of Bangladesh.’

Bangabandhu replied, 'This condition does not apply for Bangladesh. Though Muslims are a majority, but we have about a crore people from other religions. We all fought together for independence and the war affected all of us. And the creator is not only for Muslims, but for the universe.'

'In addition, your country is also not named as Islamic Republic of Saudi Arabia. Your country is named Kingdom of Saudi Arabia after a famed politician King Ibne Saud. And we haven't opposed to that’, sharply added Bangabandhu.

Our Father of the Nation also had a surprising presence of mind. When Nigerian General Gawan said, ‘Undivided Pakistan was a strong country, why did you have to divide that’, Bangabandhu replied, ‘Hon’ble President, you might have been correct, undivided Pakistan would have been stronger. But see, undivided Indian sub-continent would have been even stronger and undivided Asia would have been furthermore stronger and an undivided world would have been the strongest. So, hon’ble President, do we get everything as per our wish!'

In order to earn freedom of Bangali nation, Bangabandhu Sheikh Mujibur Rahman declared to stand firm on 6 points, for self-rule, abandoning military dictatorship and struggle for democracy. Bangabandhu perfectly combined three elements -Massmovement, Election and Armed struggle to achieve the nation’s goal. He turned the 1970 Parliamentary Election as a people’s mandate. And in the name of non-cooperation movement, Bangabandhu declared a self-ruled Bangladesh. The unarmed people became ready for armed struggle under the command of Bangabandhu as he established the Bangali nationality at state level. That is why Bangabandhu is the father of modern Bangali nation and Bangabandhu and Bangladesh are one united soul.

French writer André Malraux in his last writings depicted an artist in the scaffold, waiting to be hanged, his toes barely touching the ground. From instinct, the artist drew a few mice with the tip of his toe. And miraculously the mice got alive, cut the rope and set the artist free. If ever Bangabandhu’s toes had been in such condition, he would have drawn a map, the map of Bangladesh, the whole of which would have been covered by his greatness. As poet Rafiq Azad said, ‘The huge figure lay all along the map of the motherland.'

The verses of Poet Bablu Joardar portrayed Bangabandhu as-

'So large a man was he-
Fifty five thousand square miles-
He could grasp in his bare hands,
As could grasp seven and half a crore souls,
And deep voluptuous summer clouds.’

After tragic death of Bangabandhu, famed writer Annadashankar Roy wrote, ‘Bangabandhu Mujibur Rahman was not a common politician. He was the Father of a nation. It was not stepping down; it was supreme sacrifice, that was his last duty.’

But the country is not yet freed from the curse. The bleeding from the soul of our nation caused by stabbing with the dagger of communalism, has not yet stopped. The struggle is on.

The homecoming of Bangabandhu will only be safe when the five stains of Bangabandhu killing in 1975, war crimes in 1971, illegal accession of power and military dictatorship from 1975, scraping off the spirit of independence from constitution and intrusion of 'Rajakars' in politics and the grenade attack on Sheikh Hasina and political leaders on 21st August will be completely eroded, the dagger of communalism and social imbalances will be fully removed. On that very moment, Bangladesh will come out of all shadows and stand with the smiling glory.

#

Writer is the Minister, Ministry of Information of the Government of the People's Republic of Bangladesh.

Translation: ***Mir Akram Uddin Ahammad***

ইতিহাসের বঙ্গদেশ
বঙ্গবন্ধুর বাংলাদেশ
সেলিনা হোসেন

বাঙালি, বাঙালিত্বের নির্যাসে যুক্ত হয়েছে জাতির জনক বঙ্গবন্ধুর অমোঘ উচ্চারণ 'ফাঁসির মঞ্চে যাওয়ার সময় আwg e je, Awg evOwj, evsjv Avgvর দেশ, বাংলা আমার ভাষা। জয় বাংলা।' এই উচ্চারণের সঙ্গে wZwb বলিষ্ঠ নেতৃত্বে স্বাধীন সার্বভৌম বাংলাদেশ রাষ্ট্রের প্রতিষ্ঠাq বাঙালিকে উজ্জীবিত করে বাঙালিত্বের গৌরবকে আন্তর্জাতিক বিck cwZwôZ করেছেন। এই সময়ে তাঁর মৃত্যু বিশ্বজোড়া বাঙালির সামনে শুধুgvÎ শোকের দিনp নয়। গৌরব এবং মর্যাদার জায়গা থেকে তিনি বাঙালির সামনে মৃত্যুহীন gvbl|

